

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ২, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
ঢাকা।
আদেশ

তারিখ, ১ অক্টোবর ২০০২/১৬ আশ্বিন ১৪০৯

এস, আর, ও নং ২৭০-আইন/২০০২।—Imports and Exports (control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর Sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ১৯৯৭-২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর—

(ক) অনুচ্ছেদ ২৬ এর উপ-অনুচ্ছেদ (৪ক) এর পরিবর্তে নিম্নরূপ উপ-অনুচ্ছেদ (৪ক) প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

“(৪ক) কোন শিল্প প্রতিষ্ঠান এসিড নিয়ন্ত্রণ আইন, ২০০২ (২০০২ সনের ১নং আইন) এর অধীন লাইসেন্স গ্রহণ করিয়া কাঁচামাল হিসাবে ব্যবহারের উদ্দেশ্যে পোষক কর্তৃক নির্ধারিত আমদানি স্বত্বে উল্লিখিত পরিমাণ গাঢ়, তরল অথবা মিশ্রণসহ যে-কোন প্রকার সালফিউরিক এসিড, হাইড্রোক্লোরিক এসিড, নাইট্রিক এসিড, ফসফরিক এসিড, ক্ষার জাতীয় কষ্টিক সোডা, কষ্টিক পটাশ, কার্বলিক এসিড, ব্যাটারী ফ্লুইড (এসিড), ক্রোমিক এসিড ও এ্যাকোয়া-রেজিয়া (aqua-regia) এবং সরকার কর্তৃক নির্ধারিত এসিড জাতীয় (corrosive) অন্যান্য দ্রব্যাদি আমদানি করিতে পারিবে।”

(খ) পরিশিষ্ট-এর (খ) অংশে উল্লিখিত শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকার শিরোনামাধীন কলাম ১ এ উল্লিখিত এইচ এস হেডিং নং ২৮.০৬, ২৮.০৭, ২৮.০৮, ২৮.১১, ২৮.১৫, ২৯.০৭, এবং উহাদের বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া
উপ-সচিব

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(০৪০৭)

মূল্যঃ টাকা ১.০০